

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।  
[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৮.২০২১/ ৮৯

তারিখ: ১৭ আগস্ট, ২০২৩ খ্রিঃ।

কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৩৩/২০২৩

**বিষয়ঃ** আমদানিতব্য “Raw Puri” নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।

**সূত্রঃ** A Good Food এর ২৯/০৩/২০২৩ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

A Good Food নামক প্রতিষ্ঠান “Raw Puri” নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

আবেদনকারীর নাম	A Good Food
আবেদনকারীর ঠিকানা	23/1, Roy Ishwar Chandra Lane Imamgonj, Dhaka-1211.

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	Raw Puri
যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে	Ready for fry
উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)	India
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস	1103.20.00

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

Food Item হিসেবে ব্যবহারের জন্য Raw Puri নামক পণ্যটি Ready for fry প্রকৃতিতে আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেণীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

আমদানিকারক A Good Food কর্তৃক Raw Puri (Fuchka) ঘোষণায় পণ্য আমদানির লক্ষ্যে অগ্রিম রুলিং এর আবেদন করা হয়েছে। পণ্যটির এইচ এস কোড ঘোষণা করা হয়েছে 1103.20.00 । আমদানিকারকের আবেদনের সাথে সরবরাহকৃত নমুনা অনুযায়ী পণ্যটির নাম Foochka/Puri Papad এবং এর গাঠনিক উপাদান হচ্ছেঃ Whole wheat flour, maize starch, tapioca starch, iodized salt etc. একাধিক Cereal এর মিশ্রণ বিধায় পণ্যটি হচ্ছে মূলত Preparations of Cereals এবং সে বিবেচনায় পণ্যটি Chapter 11 এ শ্রেণিবিন্যাসিত না হয়ে Chapter 19 এ এবং হেডিং এর Terms এর সাথে সামঞ্জস্যপূর্ণতা বিবেচনায় সুস্পষ্টভাবে হেডিং 19.05 তে শ্রেণিবিন্যাসিত হবে। হেডিং 19.05 এর Terms এ Rice paper and similar products উল্লেখ করা হয়েছে। এ প্রসঙ্গে The explanatory notes of the harmonized system 2022 edition (HS) by World Customs Organization এর page IV-1905-3 তে Rice paper কে বর্ণনা করা হয়েছে- ...consists of thin sheets of baked and dried flour or starch paste. আমদানিকৃত পণ্যটি Rice paper না হলে ও একে similar products হিসেবে গণ্য করতে হবে। অধিকন্তু আলোচ্য পণ্যটির মূল রপ্তানিকারক দেশ India হওয়ায় এ প্রসঙ্গে India এর Customs Tariff Schedule পর্যালোচনা করা হয়। এতে দেখা যায়, সংশ্লিষ্ট Tariff Schedule এর Chapter-19 এর আওতায় HS Code 1905.90.40 এ Papad কে by Name তথা “Specific Description” হিসেবে উল্লেখ করা

হয়েছে। বর্ণিত অবস্থায় সার্বিক বিবেচনায় পণ্যটি এইচ এস কোড 1905.90.00 তে শ্রেণিবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারী করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারী হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিতব্য পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংস্কৃত হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-১৭.০৮.২০২৩

(মোঃ মাসুদ সাদিক)

সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি)

ও

সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৮.২০২১/ ৮২

তারিখ: ১৭ আগস্ট, ২০২৩ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) / (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মুসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্দ কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ চট্টগ্রাম।


২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। ব্যবস্থাপনা পরিচালক, A Good Food, 23/1, Roy Ishwar Chandra Lane Imamgonj, Dhaka-1211.

২৭। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

  
(মুকিতুল হাসান)  
দ্বিতীয় সচিব

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং

ও

সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট

ই-মেইল: nbrclassification@gmail.com